

## পাঠ্যপুস্তকবাহী ট্রাকে আগুন

প্রথম পৃষ্ঠার পর

গত বছরের ৫ জানুয়ারি 'একতরফা' নির্বাচনের মাধ্যমে গঠিত আওয়ামী লীগ সরকারের পদত্যাগের দাবিতে গত ৬ জানুয়ারি থেকে টানা এই অবরোধ কর্মসূচি চলছে। তবে এর দুই দিন আগেই সহিংসতার শুরু। ক্রসফায়ারে নিহত ১৯ জনসহ সহিংসতায় এ পর্যন্ত নিহত হয়েছেন ৮৭ জন: আহত সহস্রাধিক। আগুন দেওয়া হয়েছে ৫০১টি যানবাহনে এবং ভাঙচুর করা হয় আরও ৫০৩টি।

নাশকতার আশঙ্কা, সহিংসতায় জড়িত সন্দেহ, মামলা ও অন্যান্য ঘটনায় গতকাল গ্রেপ্তার বা আটক করা হয় ১৭৩ জনকে।

দক্ষ আরও একজনের মৃত্যু: দুর্ভাগ্যের পেট্রলবোমা হামলায় দক্ষ হয়ে আট দিন যন্ত্রণা ভোগ শেষে গতকাল বিকেলে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা গেলেন ট্রাকচালকের সহকারী শহীদুল ইসলাম (৩৮)। তাঁর বাড়ি রাজশাহীর পবা উপজেলার মুন্না জাইং এলাকায়। ২ ফেব্রুয়ারি রাতে রাজশাহী নগরের মোল্লাপাড়ায় হামলার শিকার হয়েছিলেন তিনি। তাঁর শরীরের ২৫ শতাংশ পুড়ে গিয়েছিল।

পাঠ্যপুস্তকবাহী গাড়িতে আগুন: মুন্সিগঞ্জের ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের জামালদি বাসস্ট্যান্ড এলাকায় গতকাল ভোর চারটার দিকে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকবাহী একটি ট্রাকে

পেট্রলবোমা হামলা করেছে দুর্বৃত্তরা। এতে আগুন লেগে বইসহ ট্রাক পুড়ে গেছে। এটি ঢাকা থেকে লক্ষ্মীপুরে যাচ্ছিল। হামলার সময় দুর্বৃত্তদের ছোড়া টিলে চালক হারুন মিজি আহত হন।

পুড়ল ১০ হাজার মুরগির বাচ্চা: ময়মনসিংহের মুক্তাগাছায় ময়মনসিংহ-টাঙ্গাইল সড়কের রামচন্দ্রপুর বাজারের কাছে গতকাল ভোরে মুরগির বাচ্চাবোমাই একটি কাভার্ড ভানে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এতে প্রায় ১০ হাজার বাচ্চা পুড়ে মারা গেছে। কাভার্ড ভ্যানটি মুক্তাগাছার কালীর বাজারে যাচ্ছিল। ঘটনাস্থলে গাছের গুঁড়ি ফেলে ভ্যানটিকে অটিকে তাতে পেট্রল ঢেলে আগুন দেওয়া হয়।

আন্তর্লিয়ায় বাসে আগুন: ঢাকার আন্তর্লিয়ায় গত রাতে একটি যাত্রীবাহী বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। সড়ার থেকে নবীনগরে যাওয়ার পথে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সামনে যাত্রী বেশ কয়েক দূর্ভাগ্যবাসীতে ওঠে। রাত সাড়ে আটটার দিকে বাসটি সেনানিবাস এলাকার আবদুর রউফ ফটকের সামনে পৌঁছেল দুর্বৃত্তরা যাত্রীদের নাখিয়ে দিয়ে বাসে পেট্রল ঢেলে আগুন দেয়।

বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার: গাইবান্ধার তুলসীঘাটে গত শুক্রবার রাতে বাসে পেট্রলবোমা হামলা করে আটজনকে মেরে ফেলার ঘটনায় জড়িত সন্দেহে গতকাল তাসকিনুর ইসলাম স্পন (২২) নামে ছাত্রশিবিরের

এক কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর কাছ থেকে পেট্রলবোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করার দাবি করেছে পুলিশ।

ঢাকার বাইরের আরও চিত্র: বগুড়ার শেরপুরের ধুট রোড এলাকায় গত রাতে পুলিশকে লক্ষ্য করে দুটি এবং যানবাহন লক্ষ্য করে ১০টি ককটেল ছুড়েছে দুর্বৃত্তরা। ভাঙচুর করেছে কমপক্ষে পাঁচটি চলন্ত বাস, ১৫টি ট্রাক ও ১২টি অটোরিকশা। এ সময় পুলিশ ১০টি - রাবার বুলেট ছোড়ে। এ ছাড়া শাজাহানপুর উপজেলার বয়ড়ানীঘি এলাকায় একটি ট্রাকেও পেট্রলবোমা ছোড়া হয়েছে।

রাজশাহী নগরের অষ্টরমোড়ে গত রাতে যাত্রীবাহী একটি বাসে পেট্রলবোমা হামলা হয়েছে। তবে বোমাটি বিস্ফোরিত হয়নি। তবে ভাঙা কাচের আঘাতে তিনজন আহত হন।

মুন্সিগঞ্জের লৌহজয়ের মাওয়া বাজারসংলগ্ন দক্ষিণ মেদেনীমণ্ডল এলাকায় গত শনিবার ভোরে গোখুলী পরিবহনের একটি বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা।

গাজীপুরের শ্রীপুরের রসীলা বাজার এলাকায় গত শনিবার ট্রাকে অগ্নিসংযোগের ঘটনায় গত রোববার রাতে করা মামলায় টেপিরবাড়ী (ছাত্তির বাজার) উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক জসীম উদ্দিনসহ ৪০-৫০ জনকে আসামি করা হয়েছে।

মৌলভীবাজার শহরের সৈয়দ মুক্তাবা আলী সড়ক ও পশ্চিমবাজার

এলাকায় দুপুরে বিএনপির নেতা-কর্মীদের একটি মিছিল থেকে একটি ব্যক্তিগত গাড়ি এবং দুটি অটোরিকশা ভাঙচুর করা হয়েছে। এতে তিনজন আহত হয়েছেন।

বরিশালের আংলকাড়া বাইপাস রোডে রোববার রাতে একটি ফলবাহী পিকআপ ভানে পেট্রলবোমা হামলা হয়েছে। এ সময় গাড়ি থেকে লাফিয়ে পড়ে চালক, তাঁর সহকারীসহ তিনজন আহত হন। পাবনা সদর উপজেলার খয়েরসুতি এলাকায় গতকাল ভোরে একটি ট্রাকে পেট্রলবোমা নিক্ষেপ করেছে দুর্বৃত্তরা। ঈশ্বরদী রেলওয়ে জংশনের কাছে ঢাকা-কলকাতা-ঢাকা মৈত্রী এক্সপ্রেস ট্রেনে পেট্রলবোমা

হামলার ঘটনায় রেলওয়ে থানায় মামলা হয়েছে। মামলায় ঈশ্বরদী পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাকারিয়া পিটুসহ বেশ কয়েকজনকে আসামি করা হয়।

লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার বড়খাতা এলাকায় রোববার রাতে একটি ট্রাক ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। এতে চালকের সহকারী আহত হন। নওগাঁর আত্রাইয়ে রোববার রাতে দুর্বৃত্তদের ছোড়া ককটেল বিধান কুমার মহন্ত (৪০) নামের এক ধান-চাল ব্যবসায়ী আহত হয়েছেন।

[প্রতিবেদন তৈরিতে সহায়তা করেছেন প্রথম আলোর সংশ্লিষ্ট এলাকার নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিরা]

## পাঠ্যপুস্তকবাহী ট্রাকে আগুন

মারা গেলেন দক্ষ আরেকজন

প্রথম আলো ডেস্ক ●

বিএনপির নেতৃত্বাধীন ২০-দলীয় জোটের টানা অবরোধ ও ৭২ ঘণ্টা হরতালের দ্বিতীয় দিন গতকাল সোমবার রাজশাহীতে দক্ষ আরও একজন মারা গেছেন। আর রাজধানীতে পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' নিহত হয়েছেন এক যুবক। এদিন মুন্সিগঞ্জ পাঠ্যপুস্তক বহনকারী ট্রাকে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। ময়মনসিংহে কাভার্ড ভানে আগুন পুড়ে মারা গেছে প্রায় ১০ হাজার মুরগির বাচ্চা। বগুড়ায় পুলিশ এবং চলন্ত গাড়ি লক্ষ্য করে ককটেল হামলা ও ৩২টি গাড়ি

ভাঙচুর করা হয়েছে। অবরোধের ৩৫তম দিন গতকাল রাত ১২টা পর্যন্ত ২৪ ঘণ্টায় বগুড়া, পাবনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর, মুন্সিগঞ্জসহ কয়েকটি স্থানে যাত্রীবাহী বাস, পণ্যবাহী ট্রাক ও অন্যান্য যানবাহনে বোমা হামলা-অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এসব ঘটনায় আহত হয়েছেন ১২ জন। সহিংসতা হয়েছে নয়টি জেলার অন্তত ১১টি স্থানে। আগুন দেওয়া হয়েছে সাতটি যানবাহনে। ভাঙচুর করা হয়েছে ৩৭টি।

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৫